

গোপালচাঁদ যা কর আমারে ।

সুখে কিবা দুঃখে রাখ, ভুলি না যেন তোমারে ॥

- ১। রাজা কিংবা কাঙ্গাল বানাও,
সন্ন্যাসী কি ফকির সাজাও,

হরি সাজব এ বারে ।

(কর) তোমার মনে যা ইচ্ছা হয়,

আমার কথায় কিবা সারে ॥

- ২। কত দেশ-বিদেশে থাকি,

(যেন) হরি গুরুচাঁদ বলে ডাকি, হরিষ অন্তরে ।

তোমার ঐরূপ করে স্মরণ,

যেন নয়নেতে জল ঝরে ॥

- ৩। (অধম) কেশবের এই বাসনা,

(তার) কাজ দেখে সাজ পরাইও না

বলি পদ ধরে ।

তোমার মনোসুখে দাও সাজায়ে,

যে সাজ রয় তোমার অন্তরে ॥

— কেশবচন্দ্র হালদার



তপ্ত মরুর বুকের 'পরে রে, তুমি কে এলে দয়াল ।

যত তৃষিত প্রাণ জুড়াইতে, লয়ে প্রেম দরিয়ার জল ॥